

অস্ট্রেলিয়া বিএনপির জাতীয় বিপ্লব ও সংহতি দিবস এবং কনভেনশন ২০১০ উদযাপন

এম মোরশেদ: বিএনপির স্বনির্ভর বিষয়ক সম্পাদক রুহুল কুদ্দুস তালুকদার দুলু প্রবাসী নেতাকর্মীদের মাঠে নেমে আসার আহবান জানিয়েছেন। গত ৭ই নভেম্বর রোববার সিডনির রকডেলস্ট্র মোনডফ হোটেলে বাংলাদেশ জাতীয়তাবাদী দল



বিএনপি অস্ট্রেলিয়ার উদ্যোগে ৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস এবং কনভেনশন উপলক্ষে এক বিশাল আলোচনা সভায় এ কথা বলেন। জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উদযাপন কমিটির আহ্বায়ক ড.হুমায়ের চৌধুরী রানার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রুহুল কুদ্দুস তালুকদার দুলু ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাসাস, সাধারণ সম্পাদক ও বিএনপি নির্বাহী কমিটির সদস্য বাবুল আহমেদ এবং বিএনপি অস্ট্রেলিয়া শাখার আহ্বায়ক দেলোয়ার হোসেন।

বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার জাতীয় সঙ্গীতের মাধ্যমে অনুষ্ঠান শুরু পরপরই বাংলাদেশ স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধে ত্রিশ লক্ষ শহীদের আত্মার মাগফেরাত ও বাংলাদেশে গনতন্ত্র পুনরুদ্ধারের স্বপ্নপুরুষ শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের প্রতি শ্রদ্ধাঞ্জলী নিবেদন করে এক মিনিট নিরবতা পালন করা হয়।

অনুষ্ঠানটি পরিচালনা করেন স্বেচ্ছাসেবক দলের আস্থাজর্জাতিক বিষয়ক সম্পাদক মোসলেহউদ্দিন আরিফ। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিএনপি অস্ট্রেলিয়ার যুগ্ম আহ্বায়ক মনজুর মোরশেদ সারোয়ার বাবু, ইব্রাহীম খলিল মাসুদ, বিএনপি অস্ট্রেলিয়ার সাবেক সহ সভাপতি আবুল হাশেম মৃধা জিলু, বিএনপি অস্ট্রেলিয়ার সাবেক সাংগঠনিক সম্পাদক মো: লুৎফুর কবির, স্বেচ্ছাসেবক দলের সভাপতি হাফিজুল ইসলাম তারেক, যুবদলের সাধারণ সম্পাদক এ এন এম মাসুম, যুবদলের সিনিয়র সহ সভাপতি ইয়াসির আরাফাত সরুজ, স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক সর্দার মো: খালেদ, জাসাস অস্ট্রেলিয়ার সভাপতি বেলাল হোসেন ঢালী, ছাত্রদলের সভাপতি মোস্তাফা মোরশেদ নিখুন, স্বেচ্ছাসেবক দলের সহ সভাপতি শফিকুল ইসলাম রিপন, সাংগঠনিক সম্পাদক মোয়াইমেন খান মিশু, গাজী আরিফ, ছাত্রদলের সাধারণ সম্পাদক মোস্তাফিজ আল মামুন, আশরাফুল হক,নেসার আহমেদ, শাহাদাত হোসেন সোহেল, ফরিদউদ্দিন রাসেল, হুমায়ুন কবির, সর্দার লিটন, আবুল কাশেম, অন্যতম।

বাংলাদেশ থেকে আগত বিশেষ অতিথির বক্তব্যে জনপ্রিয় নেতা বাবুল আহমেদ বলেন দেশের প্রকৃত রাজনৈতিক অবস্থা অস্ট্রেলিয়া সর্বোচ্চ মহলে পৌঁছে দেবার দায়িত্ব নিতে হবে আমাদের সকলকে, বিএনপির প্রতিটি কর্মীকে কাজ করতে হবে বাংলাদেশের দূত হয়ে।

অন্যতম বিশেষ অতিথির বক্তব্যে বিএনপি অস্ট্রেলিয়ার আহ্বায়ক দেলোয়ার হোসেন বলেন ৭ই নভেম্বর বাংলাদেশের জন্যে একটি অবিস্মরণীয় দিন। ১৯৭৫ সনের এই দিনে সিপাহী জনতা মিলিতভাবে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বীর উত্তমকে মুক্ত করেছিলো। বাংলাদেশে প্রতিষ্ঠিত হয়েছিল বহু দলীয় গণতন্ত্র। এছাড়াও আরো বক্তব্য রাখেন স্থানীয় বিএনপি, জাসাস, ছাত্রদল, যুবদল ও জিয়া পরিষদের নেতৃবৃন্দ।